

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৪২(আগরতলা ১১১১)
মোহনপুর, ১১ জানুয়ারি, ২০২৪

মোহনপুর মহকুমায় পথনাটক সপ্তাহ

মোহনপুর মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে পথনাটক সপ্তাহ উদযাপন উপলক্ষে গত ৯-১০ জানুয়ারি মহকুমার বিভিন্ন স্থানে পথনাটক অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে মহকুমার যুবতারা, লেন্সুচড়া, গাঞ্চীগাম কালীবাজার, কামালঘাট, মোহনপুর বাজার, ঐরান চৌমুহনী, যুবতারা সহ বিভিন্ন স্থানে নেশামুক্তি ত্রিপুরা, এইডস, একবার ব্যবহার্য প্লাস্টিক ব্যবহার নিয়ে সচেতনতামূলক পথনাটক অনুষ্ঠিত হয়। আগরতলার রংপীঠ নাট্য সংস্থার শিল্পীরা পথনাটকগুলি মঞ্চস্থ করেন।
